



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং পনি/পিএ-৯০২/০১

তারিখ : ১৪-০২-২০২৪ খ্রি.

এসএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্র সচিবগণের জন্য জরুরি নির্দেশনা

এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০২৪-এর সিকিউরিটি প্যাকেট খোলার সময় পরীক্ষার সময়সূচি অনুযায়ী সেট কোড, বিষয়, পত্র, বিষয় কোড ভালভাবে দেখে ও সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয়, পত্র ও বিষয় কোড যাচাই করে দেখতে হবে এবং প্রশ্নপত্রের প্যাকেট খোলার পরও পুনরায় বিষয় ও বিষয় কোড সময়সূচি অনুযায়ী সঠিক আছে কিনা তা যাচাই করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যে কোনো ত্রুটি পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে স্থানীয় প্রশাসন ও পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে।

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

মোবাইল : ০১৭৩৩২২০০৩

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব সকল

এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০২৪

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং পনি/পিএ-৯০২

তারিখ : ১৪-০২-২০২৪ খ্রি.

এসএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্র সচিবগণের জন্য অতীব জরুরি সতর্কতা

এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- ০১। পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে সকাল ৯-৩০ মিনিটের মধ্যে প্রবেশ নিশ্চিত করতে হবে।
- ০২। কেন্দ্রে সংযুক্ত ট্যাগ অফিসার কেন্দ্র সচিব বা তাঁর মনোনীত প্রতিনিধিকে নিয়ে ট্রেজারি/থানা/নিরাপত্তাহেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ করবেন এবং পরীক্ষা শুরু পূর্বে ট্যাগ অফিসার, কেন্দ্র সচিব এবং পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুসরণ করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
- ০৩। এসএসসি পরীক্ষা ২০২৪-এর সিকিউরিটি প্যাকেট খোলার সময় পরীক্ষার সময়সূচি অনুযায়ী সেট কোড, বিষয়, পত্র, ও বিষয় কোড ভালভাবে দেখে এবং সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয়, পত্র ও বিষয় কোড যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট খোলার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয় ও বিষয় কোড যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
- ০৫। প্রবেশপত্র ও নিবন্ধন কার্ড ছাড়া কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া যাবে না।
- ০৬। প্রতিদিনের পরীক্ষা শেষে ঐ দিনই লিখিত উত্তরপত্র বাহক মারফৎ প্রেরণ করতে না পারলে জরুরি ভিত্তিতে ডাক বিভাগ/রেলওয়ে পার্সেলের মাধ্যমে বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে (পরীক্ষা শেষে লিখিত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র ও টপ কভার কোনো ক্রমেই ট্রেজারি/থানা/ব্যাংকে সংরক্ষণ করা যাবে না)।
- ০৭। লিখিত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র ও টপ কভার প্রেরণের সময় প্রতি ২০০ টি প্যাকেটের জন্য আলাদা আলাদা শিরোনামপত্র অবশ্যই প্যাকেটের সংগে প্রেরণ করতে হবে।
- ০৮। প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপাল্‌সি আক্রান্ত) পরীক্ষার্থীদের উত্তরপত্র 'হলুদ কাপড়ে' আলাদাভাবে প্রেরণ করতে হবে।
- ০৯। লিখিত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র এবং টপ কভার পরীক্ষা শেষে ঐ দিনই আকাশি রংয়ের কাপড় দিয়ে মুড়িয়ে যথাযথ ঠিকানায় প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ইংরেজি ভাষার পরীক্ষার্থীদের শুধুমাত্র লিখিত উত্তরপত্র আলাদা করে প্রেরণ করতে হবে এবং মোড়কের উপর "ইংরেজি ভাষার" কথাটি লিখতে হবে।
- ১০। বহিষ্কৃত পরীক্ষার্থীর ক্ষেত্রে কক্ষ প্রত্যবেক্ষক কেন্দ্র সচিব বরাবর লিখিত প্রতিবেদন দাখিল করবেন। কেন্দ্র সচিব বোর্ড হতে প্রেরিত গোপন বিবরণী ফরম পূরণ করে প্রতিষ্ঠানের প্যাডে আলাদা ফরোয়ার্ডিং করে সকল কাগজপত্র উত্তরপত্রের সাথে একত্রে 'লাল কাপড়ে' প্যাকিং করে বোর্ডে প্রেরণ করতে হবে।
- ১১। পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে বা পরে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

মোবাইল : ০১৭৩৩২২২০০৩

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব সকল

এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০২৪

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।